



সংবাদ বিজ্ঞপ্তি:

নোবিপ্রবিতে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪ পালিত হয়েছে। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, নোয়াখালী ইউনিটের আয়োজনে আজ মঙ্গলবার (২২ অক্টোবর ২০২৪) এ উপলক্ষ্যে ক্যাম্পাসে বর্ণাঢ্য র্যালি, অগ্নিনির্বাপন মহড়া, বৃক্ষরোপণ কর্মসূচি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানমালায় প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

দিবসটি পালনে নোবিপ্রবি বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইদ্রিস অডিটোরিয়ামে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ১৩ অক্টোবর ছিল আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস। দুর্যোগপূর্ণ মূল্যে কীভাবে নিজের, পরিবারের ও সমাজের সুরক্ষা নিশ্চিত করতে হয় তা এ ধরনের প্রশিক্ষণ ও মহড়ার মাধ্যমে শিক্ষার্থীরা জানতে পারবে। আমি চাই ছাত্রছাত্রীরা শুধু যে পড়াশোনায় নিমগ্ন থাকবে তা নয়, তারা দেশ ও সমাজের কল্যাণে আত্মনিয়োগ করবে। এ দিবস পালনের জন্য নোবিপ্রবিকে নির্বাচন করায় বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, নোয়াখালী ইউনিটসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আপনারা ছাত্রছাত্রীদের জন্য এ ধরনের আরও ট্রেনিং, ওয়ার্কশপ ইত্যাদি আয়োজন করলে বিশ্ববিদ্যালয় প্রশাসন সবসময় আপনাদের পাশে থাকবে।

সভায় অন্যান্যের মাঝে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন নোবিপ্রবি রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, প্রক্টর জনাব এ.এফ.এম আরিফুর রহমান, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জনাব মোঃ জাহিদ হাসান খান, নোয়াখালী ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর সহকারী পরিচালক জনাব মোঃ ফরিদ আহমেদ, সিপিপি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, নোয়াখালী ইউনিটের উপ-পরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম ও বি.ডি.আর.সি.এস. এন্ড ইউ.এল.ও, নোয়াখালী ইউনিটের সহকারী পরিচালক জনাব মোঃ নুরুল করিম।

উল্লেখ্য, ১৯৮৯ সাল থেকে প্রতি বছর ১৩ অক্টোবর সারা বিশ্বে দুর্যোগ প্রশমন দিবস পালিত হয়ে আসছে। দুর্যোগের ঝুঁকি কমাতে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বৃদ্ধির জন্যই এ উদ্যোগ। বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালিত হয়।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪